গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

রাজস্ব ভবন

সেগুনবাগিচা, ঢাকা।

www.nbr-bd.org.

তারিখ: ০১ এপ্রিল, ২০১৫ খ্রিঃ।

# প্রেস বিজ্ঞপ্তি

গত ৩১ মার্চ ২০১৫ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার সকাল ০৯.৪৫ ঘটিকায় জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে ২০১৫ সালের ৩য় বোর্ড সভা অনুষ্ঠিত হয়। সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড উক্ত সভায় সভাপতিত্ব করেন। সকল সম্মানিত সদস্য এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সভায় উপস্থিত ছিলেন।

সভায় ২৪ ফেব্রুয়ারি ২০১৫ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হয়। এছাড়াও মোবাইল অপারেটরদের নিকট হতে টুজি মোবাইল লাইসেন্স শর্তানুযায়ী রেভিনিউ শেয়ারিং বাবদ আদায়কৃত রাজস্বের উপর প্রদেয় মূসক আদায়, Tobacco Tax Policy for Bangladesh এর খসড়া এবং Taxing Tobacco in Bangladesh Situation Report-2014 এর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

বর্তমান চেয়ারম্যান যোগদানের পর থেকে তাঁর বলিষ্ঠ নির্দেশনায় প্রতি মাসে একবার নিয়মতিভাবে বোর্ড সভা অনুষ্ঠিত হয়ে আসছে। সভায় বিবিধ আলোচনায় জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য- গ্রেড-১ (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা) জনাব বশির উদ্দিন আহমদের দীর্ঘ সফল কর্মময় জীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়। তিনি আগামী ০২ এপ্রিল ২০১৫ তারিখ সরকারি চাকুরী থেকে অবসরে যাচ্ছেন। কর প্রশাসন এবং করদাতাদের মধ্যে করবান্ধব আধুনিক পরিবেশ তৈরিতে তাঁর সুদক্ষ ব্যবস্থাপনা ছিল বিশেষভাবে উল্লেখযোগ্য। তাঁর দীর্ঘ অভিজ্ঞতা ও কর্মোদ্দীপ্ত জীবন অনুজ কর্মকর্তাদের যথেষ্ট অনুপ্রেরণা যোগাবে বলে চেয়ারম্যান মহোদয় অভিমত ব্যক্ত করেন।

(সৈয়দ এ মু'মেন)
জনসংযোগ কর্মকর্তা
০১৭৫৮৮৭১০৭১

প্রাপক
সম্মানিত বার্তা সম্পাদক
সকল প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া।